গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ |
| সভার স্থান | : | স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ |
| তারিখ ও সময় | : | ০৬ জুলাই ২০২২ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

**সভার আলোচনা:**

১.১ সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত গত সভায় সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদান করা হলে রাস্তা নির্মাণ ও সংস্কারে দ্বৈততা পরিহার ও অর্থের অপচয় হ্রাসের পাশাপাশি জবাবদিহি ও স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হবে। আরবান রেজিলিয়েন্স প্রকল্পের একটি কম্পোনেন্টের আওতায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও সিলেট সিটি কর্পোরেশনে রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের কার্যক্রম শুরু করা হয়েছে। তিনি অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য সিটি কর্পোরেশন-১ শাখার উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম-কে আহবান জানান।

১.২ স্থানীয় সরকার বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম সভাকে জানান, সিটি কর্পোরেশন ও পৌরসভার অধিক্ষেত্রে বিদ্যমান রাস্তাসমূহের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত গত ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী-কে আহবায়ক করে ১৭ (সতের) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির গত ১১ এপ্রিল ২০২২ তারিখের সভায় প্রতিটি সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রকৌশল বিভাগের আওতায় ডেডিকেটেড কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে রাস্তার নম্বর প্রদান বিষয়ক একটি পৃথক কর্মসেল গঠন করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত হয়। এছাড়া, সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে একটি খসড়া গাইড লাইন প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি এবং প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্পকে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী এলজিইডি, আরবান রিজিলিয়েন্স প্রকল্প ও CEGIS হতে রাস্তার পরিচিতি নম্বর প্রদান সংক্রান্ত খসড়া গাইডলাইন/নির্দেশিকা প্রেরণ করা হয়েছে। উক্ত খসড়া গাইডলাইন/নির্দেশিকা চূড়ান্তকরণের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।

১.৩ জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি ও জনাব এএসএম মোস্তফা আলী, পরিচালক, CEGIS সভায় সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদান সংক্রান্ত খসড়া গাইডলাইন/নির্দেশিকার Power Point Presentation উপস্থাপন করেন।

১.৪ সভাপতি সভাকে জানান প্রতিটি সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রকৌশল বিভাগের আওতায় ডেডিকেটেড কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে রাস্তার নম্বর প্রদান বিষয়ক একটি পৃথক কর্মসেল গঠন করা জরুরি বিধায় উক্ত কর্মসেল গঠনের বিষয়ে সভায় উপস্থিত সকলের নিকট দৃষ্টি আকর্ষণ করেন। যেসকল সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক কর্মসেল গঠন করা হয়নি তারা জরুরি ভিত্তিতে গঠন করে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেন।

১.৫ জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী, যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) বলেন, রাস্তার পরিচিতি নম্বর প্রদানের জন্য জনবলসহ সবকিছুই প্রতিটি সিটি কর্পোরেশনের রয়েছে। স্থানীয় সরকার বিভাগ হতে বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থ হতে উক্ত কাজের জন্য সাপোর্ট দেয়া যায়। উক্ত কাজটি যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধির জন্য স্থানীয় সরকার বিভাগ হতে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। এছাড়া, মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী যেসকল মেয়র বর্ণিত কার্যক্রমে আগ্রহী সেসকল পৌরসভাকে নিয়ে প্রাথমিক পর্যায়ে রাস্তার পরিচিতি নম্বর প্রদানের কার্যক্রম গ্রহণ করা যায়।

১.৬ জনাব মোঃ সবুর হোসেন, যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), রাস্তার পরিচিতি নম্বর প্রদানের সক্ষমতা সকল পৌরসভার নেই। যেসকল পৌরসভার সক্ষমতা রয়েছে প্রাথমিক পর্যায়ে সেসকল পৌরসভাকে নিয়ে বর্ণিত কার্যক্রম শুরু করা যেতে পারে। সভায় মিজ ফারজানা মান্নান, উপসচিব (পৌর-২ শাখা) এবং জনাব মোঃ আব্দুর রহমান, উপসচিব (পৌর-২ শাখা) আলোচনায় অংশ গ্রহণ করেন।

১.৭ সভাপতি সভায় উপস্থাপিত খসড়া গাইডলাইন/নির্দেশিকাটির ওপর সুচিন্তিত মতামত প্রদানের জন্য উপস্থিত ও সংযুক্ত সকল কর্মকর্তাকে আহবান জানালে জনাব মো: ইউসুফ আলী, প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, জনাব শরফ উদ্দিন আহমেদ চৌধুরী, প্রধান নির্বাহী কর্মকর্তা, সাভার পৌরসভা, জনাব মোঃ শাহজাহান মিয়া, প্রধান নির্বাহী কর্মকর্তা, ফরিদপুর পৌরসভা, এ. কে. এম তারিকুল আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা ও জনাব নীলুফা ইয়াসমীন চৌধুরী, প্রধান নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভা তাঁদের মতামত প্রদান করেন।

**২. সভার সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (ক) | সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের বিষয়ে খসড়া গাইড লাইন প্রাপ্ত মতামত/সুপারিশের ভিত্তিতে পৃথকভাবে সংশোধন করে আগামী ০৭(সাত) দিনের মধ্যে দাখিল করতে হবে। | (১) জনাব এম, এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি<br>(২) প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প<br>(৩) জনাব এএসএম মোস্তফা আলী, পরিচালক, CEGIS |
| (খ) | প্রতিটি সিটি কর্পোরেশন ও পৌরসভায় প্রকৌশল বিভাগের আওতায় ডেডিকেটেড কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে রাস্তার নম্বর প্রদান বিষয়ক সর্বোচ্চ ০৭(সাত) সদস্য বিশিষ্ট একটি পৃথক কর্মসেল গঠন করে আগামী ০৭(সাত) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল)<br>(৩) নগর উন্নয়ন-২ অধিশাখা |

| | | |
|---|---|---|
| (গ) | সিটি কর্পোরেশন এবং পৌরসভাগুলোর রাস্তাসমূহের বিপরীতে পরিচিতি নম্বর প্রদানের লক্ষ্যে পৃথক কর্মসেলে জবনলসহ কি কি সাপোর্ট প্রয়োজন সে বিষয়ে লিখিতভাবে জানাতে হবে। | (১) সিটি কর্পোরেশন (সকল)<br>(২) পৌরসভা (সকল) |
| (ঘ) | স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে এলজিইডি ও আরবান রেজিলিয়েন্স প্রকল্পের সহযোগিতায় একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

৩. পরিশেষে সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২০ জুলাই ২০২২ খ্রি.
(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
স্থানীয় সরকার বিভাগ।

নং- ৪৬.০০.০০০০.০৭০.২২.০০৪.১৯-**৮৫১/১(১৬)**

তারিখ: ০৫ জুন ১৪২৯ / ২০ জুলাই ২০২২

**অনুলিপি: অবগতি/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ..........................সিটি কর্পোরেশন (সকল)।
৪. উপসচিব (পৌর-১/পৌর-২/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, .................পৌরসভা,......................জেলা (সকল)।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জনাব এম এম শাহনেওয়াজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলাজইডি, আগারগাঁও, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. জনাব এ এস এম মোস্তফা আলী, পরিচালক, CEGIS.
১২. অফিস কপি।

20.07.2022
(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd